

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.১৩৭.৯৬-৬৭২

তারিখ: ১৩/০৬/২০২০


বিষয়: মরহম মোঃ খাদেমুল ইসলাম, প্রাক্তন মৎস্য সহকারী-এর আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরি।

সূত্র: ৩৪.০১.০০৮৫.০০৬.৪২.৩১৪.১৫-৩৫৪, তারিখ: ১০-০২-২০২০খ্রি.

যুব উন্নয়ন অধিদপ্তরধীন রংপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রাক্তন মৎস্য সহকারী মরহম মোঃ খাদেমুল ইসলাম-এর পারিবারিক পেনশন মঞ্জুরির আবেদন সূত্রোক্ত পত্র মারফত আপনার দপ্তর হতে পাওয়া যায়। মরহমের চাকুরি বহি পরীক্ষান্তে দেখা যা যে, তিনি এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “এগারটি নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনসহ বিদ্যমান কেন্দ্রসমূহের উন্নয়ন ও অসমাপ্ত কাজ সমাপ্তকরণ” শীর্ষক প্রকল্পের চাকুরিতে ৩০-০৫-১৯৯৬খ্রি. তারিখে যোগদান করেন। মরহমের উন্নয়ন প্রকল্পের চাকুরিতে যোগদানের তারিখ হতে চাকুরিকাল গণনা করে ০৮(আট) বছর পূর্তিতে ৩০-০৫-২০০৪খ্রি. তারিখে ১ম ও ১২(বার) বছর পূর্তিতে ৩০-০৫-২০০৮খ্রি. তারিখে ২য় এবং ১৫(পনের) বছর পূর্তিতে ৩০-০৫-২০১১খ্রি. তারিখে ৩য় টাইমস্কেলে বেতন নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, মরহমের চাকুরি ০১-০৭-২০০৩খ্রি. তারিখে রাজস্বখাতে স্থানান্তরিত হয়। অর্থ মন্ত্রণালয়ের ২৪-০৩-২০০৮খ্রি. তারিখের অম/অবি(বাস্ত-৪)/বিধি-২০/(উঃস্কেল)/০৭/৪৭ ও ১৫-১২-২০০৯খ্রি. তারিখের অম/অবি(বাস্ত-৪)/বিধি-২০/(উঃস্কেল)/২০০৭-৯১ সংখ্যক আদেশ অনুযায়ী শুধুমাত্র রাজস্বখাতের চাকুরিকাল গণনা করে টাইমস্কেল প্রদেয়।

২। এমতাবস্থায়, মরহম মোঃ খাদেমুল ইসলাম, প্রাক্তন মৎস্য সহকারী-এর চাকুরি রাজস্বখাতে স্থানান্তরের তারিখ ০১-০৭-২০০৩খ্রি. হতে চাকুরিকাল গণনা করে মঞ্জুরিকৃত টাইমস্কেলে মূল বেতন পুনঃনির্ধারণসহ অতিরিক্ত উন্মোচিত বেতনভাতা বাবদ অর্থ কর্তনপূর্বক আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরির প্রয়োজনীয় সকল কাগজপত্র (এলপিসিসহ) পুনরায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। মূল চাকুরি বহি
২। অর্থ মন্ত্রণালয়ের আদেশদ্বয়


(মোঃ জাহাঙ্গীর আলম)
যুগ্ম-সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোন: ৯৫৫০৮৬৩

কো-অর্ডিনেটর
যুব প্রশিক্ষণ কেন্দ্র,
যুব উন্নয়ন অধিদপ্তর
উত্তম, রংপুর।

অনুলিপি:

- ১। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
- ২। জনাব আকলিমা আজাদ, স্বামী: মরহম মোঃ খাদেমুল ইসলাম, গ্রাম: পশ্চিম বড়বিল, ডাক: পাকুড়িয়া শরীফ, উপজেলা: গঙ্গাচড়া, জেলা: রংপুর।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর ঢাকা।
- ৫। অফিস কপি।